124

তারিখ 04 MAY 1997
পৃষ্ঠা 7 কলাম 7

দৈনিক ইনকিলাব

৩ দিন পর এইচএসসি পরীক্ষা

## মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের ৫২২ ছাত্রী এখনো এ্যাডমিট কার্ড পায়নি

স্টাফ রিপোর্টার ঃ এইচএসসি পরীক্ষার আর মাত্র ৩ দিন বাকী। এখন পর্যন্ত মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের ৫২২ জন ছাত্রী এ্যাডমিট কার্ড না পাওয়ায় তাদের পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে।

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ৩ দিন পর এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

জানা গেছে, ঢাকা বোর্ড কর্তৃপক্ষ কলেজের প্রিন্সিপাল ফয়জুর রহমানকে চিঠির বরাতে ছাত্রীদের এ্যাডমিট কার্ড দিতে এখন পর্যন্ত অস্বীকার করছেন। বোর্ড কর্তৃপক্ষ চিঠিতে বিদ্যালয়ের গভর্নিং বডির চেয়ারম্যানের প্রতিস্বাক্ষর চেয়েছেন। যদিও এ্যাডমিট কার্ড গ্রহণের ক্ষেত্রে চেয়ারম্যানের প্রতিস্বাক্ষরের কোন রেওয়াজ নেই।

উল্লেখ্য উচ্চ আদালতে নতুন গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত এক সরকারী আদেশের বিরুদ্ধে প্রিন্সিপাল কর্তৃক দায়েরকৃত মামলার রায়ের বিরুদ্ধে আপীল মামলা ঝুলছে। মামলার বিষয়ে আইডিয়াল স্কুল এন্ড কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বিপরীত অবস্থানে আছেন। এ অবস্থায় দুই পক্ষের বিপরীত অবস্থানের কারণে এইচএসসি পরীক্ষার্থীদের এ্যাডমিট কার্ড দেয়ার বিষয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। অভিজ্ঞজনদের কথা হলো, কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপালের বিপরীত অবস্থানের কারণে যত জটিলতাই সৃষ্টি হোক না কেন, ছাত্রীরা এর ভুক্তভোগী হতে পারে না। যেহেতু পরীক্ষা আসন্ন— তাই ঢাকা বোর্ড কর্তৃপক্ষের উচিৎ, স্বউদ্যোগে পরীক্ষার্থীদের মাঝে এ্যাডমিট কার্ড বিতরণ করা।